মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মন্ত্রীর দপ্তর

প্রেস বিজ্ঞপ্তি

নং-২০২৪/২/২৩-৪

'প্রাণিজ পণ্যের সরবরাহ বাড়িয়ে রমজানে দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখা হবে'

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী

ঢাকা, ১৫ ফেব্রুয়ারি ২০২৪ (বৃহস্পতিবার)

আসন্ন পবিত্র রমজান মাসে প্রাণিজ আমিষ পণ্য মাংস, দুধ, ডিম, ড্রেসড ব্রয়লার ইত্যাদির সরবরাহ বাড়িয়ে এসব পণ্যের দাম সহনীয় পর্যায়ে রাখা হবে বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মোঃ আবদুর রহমান। বৃহস্পতিবার (১৫ ফেব্রুয়ারি) দুপুরে মন্ত্রণালয়ের সভাকক্ষে পবিত্র রমজান মাস উপলক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের করণীয় হিসেবে বিভিন্ন এজেন্ডার উপর আলোচনা সভায় সভাপতি হিসেবে বক্তব্য প্রদানকালে মন্ত্রী এ কথা বলেন।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে বিগত রমজানে প্রাণিজ পণ্যের নিরবিচ্ছিন্ন সরবরাহ করে নিম্ন আয়ের মানুষকে স্বস্তি প্রদানের লক্ষ্যে ঢাকা শহরের ২০ টি স্থানে ড্রেসড ব্রয়লার, গরু ও খাসির মাংস, দুধ ও ডিম সাশ্রয়ী মূল্যে বিপণন করা হয়। আসন্ন রমজানে ঢাকা শহরে আরও নতুন ০৫ টি স্পটসহ এ বছর মোট ২৫ টি স্থানে এসব পণ্য সুলভ মূল্যে বিপণন এর উদ্যোগ গ্রহণ করা হবে বলে মন্ত্রী জানান। ফলে, এসব পণ্যের বাজারদর সহনীয় পর্যায়ে রাখা সম্ভব হবে বলে মন্ত্রী আশা প্রকাশ করেন।

সঠিক মূল্যে পশু খাদ্য উপকরণ আমদানির ক্ষেত্রে ব্যবসায়ীদের সহযোগিতার জন্য তিনি বাণিজ্য মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, ট্যারিফ কমিশনসহ সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সাথে আলোচনা করে ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া রমজানে দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিটি কর্পোরেশনসহ সংশ্লিষ্ট অন্যান্য স্টেকহোল্ডারদের প্রতি তিনি আহবান জানান।

পবিত্র রমজান মাসে কম লাভে ও ধর্মীয় বিশ্বাস থেকে পূণ্য লাভের উদ্যেশ্যে এসব পণ্য বিক্রয় করার আহবান জানিয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী বলেন, ব্যবসায়ীদের ভোগান্তিতে ফেলা সরকারের উদ্দেশ্য নয় বরং ব্যবসায়ীরা যাতে স্বাচ্ছন্দে ব্যবসা পরিচালনা করতে পারে সে বিষয়টিও সরকার সবসময় গুরুত্বের সাথে বিবেচনা করে। জনগণ যাতে রমজানে সুলভ মূল্যে প্রাণিজ পণ্য কিনতে পারে সেদিকে খেয়াল রাখার জন্য ব্যবসায়ীদের প্রতি তিনি এ সময় অনুরোধ করেন। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব জনাব মোহাং সেলিম উদ্দিন, অতিরিক্ত সচিব জনাব এ.টি.এম. মোস্তফা কামাল, কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জনাব শাহীন আখতার, প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক ডা. মো: এমদাদুল হক তালুকদার, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক জনাব ড. এস এম জাহাঙ্গীর হোসেন সভায় উপস্থিত ছিলেন।

মো: নাজমুল হাসান
জনসংযোগ কর্মকর্তা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(ফোন: ০১৭১৭-০০৬৪৪০)